











(১১/০৮/২০১৬ তারিখে রূপালীব্যাংক ও বিএসএফআইসি'র মধ্যে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান )

## আখচাষিদের আখের মূল্য বিতরণ করবে রূপালী ব্যাংক শিওরক্যাশ

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) আখচাষিদের সাথে আর্থিক লেনদেনে রূপালী ব্যাংক শিওরক্যাশ মোবাইল ব্যাংকিং সেবা ব্যবহারের জন্য একটি চুক্তি স্বাক্ষর করেছে।এর ফলে আখচাষিরা মোবাইল ব্যাংকিং একাউন্টের মাধ্যমে আখচাষের প্রণোদনা পাবেন এবং মিল থেকে আখ বিক্রির টাকা সরাসরি তাদের মোবাইল একাউন্টে পেয়ে যাবেন। এ সেবার আওতায় ১৫টি চিনিকল থেকে প্রায় ৫লক্ষ আখচাষিকে বছরে ৭০০ কোটি টাকা পরিশোধ করা হবে।

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন এর প্রধান কার্যালয়ে চুক্তিটি স্বাক্ষর করেন কর্পোরেশনের সচিব প্রকৌশলী মো. মাহবুবর রহমান, রূপালী ব্যাংকের জেনারেল ম্যানেজার(আইটি) মোঃ মাঈনউদ্দিন এবং শিওরক্যাশের চীফ এক্সিকিউটিভ অফিসার ডঃ শাহাদাত খান। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃমোশাররফ হোসেন ভূঁইয়া,এনডিসি, এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএসএফআইসির চেয়ারম্যান জনাব একে এম দেলোয়ার হোসেন,এফসিএমএ, রূপালী

...কৌশলী মোঃ মাহবুবর রহমান
প্রধান প্রকৌশলী
...এফআইসি, চিনি শিল্প ভবন,
...বা/এ, ঢাকা-১০০০

ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী ও শিওরক্যাশের চেয়ারম্যান মোঃ ফয়েজুল্লাহ খান।

সিনিয়র সচিব জনাব মোঃমোশাররফ হোসেন ভূঁইয়া,এনডিসি বলেন, “ই-গেজেট ও ই-পুর্জির মাধ্যমে বিএসএফআইসি মিলগুলোর ব্যবস্থাপনা কার্যক্রমের অটোমেশন এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক লেনদেন সরকারের ডিজিটালাইজেশন কার্যক্রমের জন্য একটি নতুন মাইল ফলক। আমি মনে করি এর মাধ্যমে মিলগুলোর দক্ষতা, উৎপাদন-ক্ষমতা ও পরিচালনার স্বচ্ছতা বাড়বে, এবং আখচাষিদের ন্যায্য অধিকার নিশ্চিত হবে ও ভোগান্তি কমবে।”

বিএসএফআইসির চেয়ারম্যান জনাব একে এম দেলোয়ার হোসেন,এফসিএমএ বলেন, “আমি মনে করি দেশের রুগ্ন চিনিশিল্পকে দাঁড় করাতে হলে চিনিকলগুলোর কার্যক্রম আরো গতিশীল করতে হবে ও আখচাষিদের আস্থা বাড়াতে হবে, এবং তা করার জন্য ডিজিটালাইজেশন এর কোন বিকল্প নেই।”

রূপালী ব্যাংকের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব দেবাশীষ চক্রবর্ত্তী বলেন, “বিএসএফআইসির কার্যক্রম এবং লেনদেন ডিজিটালাইজেশনের এই উদ্যোগে অংশগ্রহন করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। রূপালী ব্যাংক বাংলাদেশে সরকারি ব্যাংকগুলোর মধ্যে প্রথম এবং এখন পর্যন্ত একমাত্র ব্যাংক, যে মোবাইল ব্যাংকিং ও পেমেন্ট সেবা চালু করেছে।”

শিওরক্যাশের সিইও ডঃ শাহাদাত খান বলেন, “আমরা বাংলাদেশের সকল মানুষের কাছে মোবাইল ফোনের মাধ্যমে একটি সহজ ও সম্পূর্ণ আর্থিক লেনদেন সেবা পৌঁছে দিতে চাই। আমরা গর্বিত যে, শিওরক্যাশ নেটওয়ার্কে ব্যবহৃত সমস্ত প্রযুক্তি ও সফটওয়্যার আমাদের সাধারণ মানুষের প্রয়োজন বিবেচনা করে সম্পূর্ণভাবে বাংলাদেশে প্রস্তুত।”

রূপালী ব্যাংক শিওরক্যাশ একটি পূর্ণাঙ্গ মোবাইল ব্যাংকিং এবং পেমেন্ট সেবা, যার মাধ্যমে গ্রাহকরা সারাদেশে টাকা পাঠানো, বিল দেয়া, মোবাইল রিচার্জ ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বেতন দেয়ার সুযোগ পাবেন এবং ৫০ হাজার এর অধিক রিটেইল এজেন্টের সহায়তায় মোবাইল ব্যাংক একাউন্ট খুলতে বা টাকা জমা করতে ও তুলতে পারবেন।

প্রকৌশলী মোঃ মাহবুবর রহমান
প্রধান প্রকৌশলী
বিএসএফআইসি, চিনি শিল্প ভবন,
৩, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০




১১-০৮-২০১৬ তারিখে রূপালী ব্যাংক ও বিএসএফআইসি'র মধ্যে আখচাষিদের আখের মূল্য শিওরক্যাশ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ বিষয়ক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান।




প্রকৌশলী মোঃ মাহবুবর রহমান
প্রধান প্রকৌশলী
বিএসএফআইসি, চিনি শিল্প ভবন,
৩, দিলকুশা. বা/এ ঢাকা-১০০০

# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনি শিল্প ভবন, ৩,দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০, বাংলাদেশ
**BANGLADESH SUGAR & FOOD INDUSTRIES CORPORATION**
**Chinishilpa Bhaban, 3, Dilkusha Commercial Area, Dhaka-1000, Bangladesh**
**web: www.bsfic.gov.bd Phone: 9565869.**

## রাষ্ট্রায়ত্ব চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক সম্মেলন-২০১৬ অনুষ্ঠিত।





০৩-০৪ সেপ্টেম্বর-২০১৬ তারিখে চিনিশিল্প ভবনে বিএসএফআইসি নিয়ন্ত্রিত চিনিকলসমূহের ব্যবস্থাপনা পরিচালক সম্মেলন-২০১৬ অনুষ্ঠিত হয়। এ সম্মেলনে ০৪-০৯-২০১৬ তারিখে শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া,এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। করপোরেশনের চেয়ারম্যান জনাব এ কে এম দেলোয়ার হোসেন,এফসিএমএ সম্মেলনে সভাপতিত্ব করেন।

শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয় ব্যবস্থাপনা পরিচালকদের উদ্দেশ্যে চিনিশিল্প করপোরেশনের সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং এ শিল্পকে টিকিয়ে রাখার লক্ষ্যে চিনি উৎপাদনের পাশাপাশি পণ্য উৎপাদনে বৈচিত্র আনয়নের নির্দেশনা প্রদান করেন। তিনি উল্লেখ করেন যে, করপোরেশনের চলমান সম্পদের উত্তম ব্যবহার নিশ্চিত করাসহ গৃহিত প্রকল্পসমূহের সফল ও দ্রুত বাস্তবায়নে অধিকতর কার্যকরি কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। গুণগত আখচাষ করে আখচাষিদের নিকট আখচাষ লাভজনক করার সফল পদক্ষেপ গ্রহণ করতে হবে। সভায় তিনি বলেন, চিনিশিল্পকে টিকিয়ে রাখতে শিল্পমন্ত্রী মহোদয় সকল ধরণের ফলপ্রসূ দিক নির্দেশনা, পরামর্শ ও সহযোগিতা দিয়ে আসছেন। মাননীয় মন্ত্রীর আন্তরিকতা ও বলিষ্ঠ নেতৃত্বে প্রতিষ্ঠানকে সফল পরিচালনার মাধ্যমে সরকারের আনুকল্য গ্রহণে সর্বোত্তম কর্মদক্ষ, সততা ও কর্মনিষ্ঠ হওয়ার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।

সিনিয়র সচিব মহোদয়ের সদয় উপস্থিতি ও দিক নির্দেশনামূলক বক্তব্যের জন্য চেয়ারম্যান মহোদয় তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি উল্লেখ করেন যে, করপোরেশনের উন্নয়নমূলক সকল কর্মকান্ডে সরকারের সকল পরিকল্পনা বাস্তবায়নে মাননীয় শিল্পমন্ত্রী ও শিল্প মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সদয় হস্তক্ষেপ ও সহযোগিতা আমরা কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি এবং তাঁদের নির্দেশনানুযায়ী আখ রোপণ, উন্নত কলাকৌশল প্রয়োগের মাধ্যমে আখের ফলন বৃদ্ধি, ৩০ সেপ্টেম্বর-২০১৬ এর মধ্যে সকল মিলের রক্ষণাবেক্ষণ সমপন্ন করনসহ চলতি রোপণ মৌসুমের লক্ষ্যমাত্রা অর্জনে মিল ব্যবস্থাপনাসহ সদর দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী অঙ্গীকার করেন।

সম্মেলনে ব্যবস্থাপনা পরিচালকদের পক্ষে কেরু এণ্ড কোং (বাংলাদেশ) লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এ বি এম আরশাদ হোসেন এবং করপোরেশনের সচিব প্রকৌশলী জনাব মোঃ মাহবুবর রহমান, পরিচালক (উৎঃ ও প্রকৌঃ) জনাব এ এস এম আবদার হোসেন, পরিচালক (ইক্ষু উন্নয়ন ও গবেষণা) জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, যুগ্মসচিব ও পরিচালক (বাণিজ্যিক) জনাব মীর জহুরুল ইসলাম, যুগ্মসচিব ও পরিচালক (পরিঃ ও উন্নয়ন) জনাব বিকাশ চন্দ্র সাহা উপস্থিত থেকে সর্বক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকার পরামর্শ দেন এবং চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে কঠোর পরিশ্রমের মাধ্যমে সর্বক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন করার অঙ্গীকার ব্যক্ত করেন।




ব্যবস্থাপনা পরিচালক সম্মেলন - ২০১৬




ব্যবস্থাপনা পরিচালক সম্মেলন - ২০১৬

১৯/১০/১৬

প্রকৌশলী মোঃ মাহবুবর রহমান
প্রধান প্রকৌশলী
বিএসএফআইসি, চিনি শিল্প ভবন,
৩, দিলকুশা বা/এ ঢাকা-১০০০